**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 02-08-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কিষাণ সম্মান নিধির ২০তম কিস্তি প্রদান করেছেন ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সম্পূর্ণতা অভিযানের লক্ষ্য হল সমস্ত উচ্চাকাঙ্ক্ষী জেলা এবং ব্লক জুড়ে ১২টি গুরুত্বপূর্ণ সামাজিক খাতের সূচকের ১০০ শতাংশ সম্পূর্ণতা অর্জন করা।**

**(৩) সারা দেশের সঙ্গে রাজ্যেও আজ থেকে হর ঘর তিরঙ্গা কর্মসূচি উদযাপন শুরু হয়েছে।**

**(৪) নির্বাচন কমিশন ভোটার তালিকা প্রণয়নের কাজে নিয়োজিত বুথ লেভেল অফিসার অর্থাৎ বি.এল.ও.দের বার্ষিক পারিশ্রমিক দ্বিগুণ করার সিদ্ধান্ত নিয়েছে।**

*****************************************

**PM-Kishan-National :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বারাণসী থেকে কিষাণ সম্মান নিধির ২০তম কিস্তি প্রদান করেছেন এবং সারা দেশের ৯ কোটি ৭০ লক্ষেরও বেশি কৃষকের ব্যাংক অ্যাকাউন্টে সরাসরি ২০ হাজার ৫০০ কোটি টাকা স্থানান্তর করেছেন। প্রধানমন্ত্রী ২ হাজার ২০০ কোটি টাকা মূল্যের ৫২টি উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধনও করেছেন।

এই উপলক্ষে আয়োজিত সমাবেশে প্রধানমন্ত্রী বলেন, কৃষকদের কল্যাণের প্রতি সরকারের অঙ্গীকারের একটি উদাহরণ হল প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি। তিনি বলেন, বিগত এক দশক ধরে সরকার কৃষকদের প্রতিটি সমস্যা সমাধানে পূর্ণ শক্তিতে কাজ করেছে। কৃষকদের জন্য একটি নতুন

প্রকল্প, প্রধানমন্ত্রী ধন ধান্য যোজনাও চালু করা হয়েছে। এই প্রকল্পে ২৪০০০ কোটি টাকা ব্যয় করা হবে এবং ছোট জেলাগুলিকে কেন্দ্র করে এই প্রকল্পের কাজ হবে।

######Byte-PM#####

প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন, প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনার আওতায় এখন পর্যন্ত কৃষকদের ১ লক্ষ ৭৫ হাজার কোটি টাকার দাবি মিটিয়ে দেওয়া হয়েছে। বিকশিত কৃষি সংকল্প অভিযানের আওতায়, ল্যাব টু ল্যান্ডের বার্তা নিয়ে সরকার ১ লক্ষ ২৫ হাজার কোটি কৃষকের সঙ্গে যোগাযোগ করতে সমর্থ হয়েছে। প্রধানমন্ত্রী বলেন, ১৪০ কোটি মানুষের ঐক্য ও শক্তির ফলে অপারেশন সিন্দুর সফল হয়েছে। প্রধানমন্ত্রী মোদী বলেন, অপারেশন সিন্দুরের সময় সমগ্র বিশ্ব আত্মনির্ভর ভারতের শক্তি দেখেছে। প্রধানমন্ত্রী উৎসবের মরশুমে স্থানীয় পণ্যগুলিকে অগ্রাধিকার দেওয়ার আবেদন জানিয়েছেন।

***************************

**PM Kishan-State :**

এদিকে, প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধি প্রকল্পে আজ ২০তম কিস্তিতে রাজ্যের ২ লক্ষ ১৭ হাজার কৃষকের ব্যাংক একাউন্টে মোট ৪৫ কোটি ৪৩ লক্ষ ৭৪ হাজার টাকা সরাসরি দেওয়া হয়েছে। অরুন্ধতীনগর রাজ্য কৃষি অনুসন্ধান কেন্দ্রে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বারানসী থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ২০তম কিস্তি প্রদান অনুষ্ঠানটি দেখেন এবং রাজ্যের কৃষকদের উৎসাহিত করেন। অনুষ্ঠানে রাজ্যের সাতজন কৃষককে সয়েল কার্ড প্রদান করেন মুখ্যমন্ত্রী। উপস্থিত ছিলেন কৃষিমন্ত্রী রতন লাল নাথ, পশ্চিম জেলা ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল, কৃষি দপ্তরের সচিব অপূর্ব রায়, অধিকর্তা ফনি ভূষণ জমাতিয়া। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকারের ঐকান্তিক প্রচেষ্টা ও কেন্দ্রীয় সরকারের বিশেষ উদ্যোগে রাজ্যের সংরক্ষিত বনাঞ্চল এলাকায় বসবাসরত পাট্টাপ্রাপ্ত কৃষকরাও এই প্রকল্পের সুবিধা পাচ্ছেন।

****************************

**PM-KISAN-GOMATI :**

গোমতি জেলার মূল অনুষ্ঠানটি হয় অমরপুর কৃষি মহকুমা অফিস প্রাঙ্গনে। জেলার ৮টি ব্লক ও কৃষি মহকুমা অফিসেও সুবিধাভোগী স্থানীয় কৃষকরা কিষান সম্মান নিধি প্রকল্পে প্রধানমন্ত্রীর ২০তম কিস্তি প্রদান অনুষ্ঠানটির সম্প্রচার প্রত্যক্ষ করেন। উপস্থিত ছিলেন অমরপুর নগর পঞ্চায়েত চেয়ারম্যান বিকাশ সাহা, অমরপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুচিত্রা দাস প্রমুখ।

**************************

**PM-Kishan-Khowai :**

প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধি প্রকল্পে ২০তম কিস্তি প্রদান অনুষ্ঠান উপলক্ষ্যে আজ খোয়াই চেবরী দিব্যোদয় কৃষিবিজ্ঞান কেন্দ্রে কৃষকদের নিয়ে একটি বিশেষ সেমিনার অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায়, খোয়াই জেলার জেলাশাসক রজত পান্থ, দিব্যোদয়ের বরিষ্ঠ বিজ্ঞানী মনোজ সিং সাচান। সেমিনারে আই-সি-এ-আর থেকে দিব্যোদয়ের মাধ্যমে প্রত্যেক কৃষককে ৫ ধরনের সবজি বীজ সম্পূর্ণ বিনামূল্যে বিতরণ করা হয়।

****************************

**PM-Kisan-Unakoti :**

কৈলাশহরের কৃষি বিজ্ঞান কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানে ঊনকোটি জেলার নানা স্থান থেকে কৃষকরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য যে, ঊনকোটি জেলার মোট ১৫ হাজার ৮৫৮ জন সুবিধাভোগী কৃষক আজ ২০তম কিস্তিতে ৩ কোটি ১৭ লক্ষ ১৬ হাজার টাকা DBT'র মাধ্যমে নিজেদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে পেয়েছেন। উপস্থিত ছিলেন, চন্ডীপুর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান বিনয় সিংহ, কৃষি উপ-অধিকর্তা সৌমেন নন্দী, KVK এর বরিষ্ঠ বিজ্ঞানী ডক্টর জয়শ্রী দত্ত প্রমুখ।

****************************

**PM Kisan-South :**

বীরচন্দ্রমনু কৃষি বিজ্ঞান কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানে দক্ষিণ জেলার ১৭০ জন কৃষক উপস্থিত থেকে প্রধানমন্ত্রী কিষাণ সন্মান নিধির ২০তম কিস্তি প্রদান অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার দেখেন। উপস্থিত ছিলেন দক্ষিন ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত।

**************************

**CM- Pragya Bhawan :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সম্পূর্ণতা অভিযানের লক্ষ্য হল সমস্ত উচ্চাকাঙ্খী জেলা এবং ব্লক জুড়ে ১২টি গুরুত্বপূর্ণ সামাজিক খাতের সূচকের ১০০ শতাংশ সম্পূর্ণতা অর্জন করা। আজ আগরতলার প্রজ্ঞাভবনে সম্পূর্ণতা অভিযান সন্মান সমারোহ অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, আগামী ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত এই অভিযান চলাকালে জেলা ও ব্লক আধিকারিকরা নির্বাচিত জনপ্রতিনিধিদের সঙ্গে নিয়ে গ্রামসভা, পৌষ্টিক আহার মেলা, স্বাস্থ্য শিবির, আইসিডিএস শিবির, সচেতনতা মিছিল, প্রদর্শনী, পোস্টার তৈরি এবং কবিতা প্রতিযোগিতার মতো সচেতনতামূলক কর্মসূচি চলবে। আজ এই অনুষ্ঠান থেকে মুখ্যমন্ত্রী ৫০ কোটি টাকা ব্যয়ে মুখ্যমন্ত্রী নবদিশা অভিযান ও ৩২ কোটি টাকা ব্যয় ইন্টিগ্রেটেড ক্লাস্টার ফার্মিং কর্মসূচির সূচনা করেন। উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, গ্রামোন্নয়ন সচিব অভিষেক সিং।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-

আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**President :**

রাষ্ট্রপতি ভবনের ভেতরে অবস্থিত অমৃত উদ্যানটি এই মাসের ১৬ তারিখ থেকে আগামী মাসের ১৪ তারিখ পর্যন্ত জনসাধারণের জন্য উন্মুক্ত থাকবে। উদ্যানটি সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত খোলা থাকবে। সোমবার রক্ষণাবেক্ষণের জন্য উদ্যানটি বন্ধ থাকবে। এই সময়ে কোনো প্রবেশমূল্য লাগবে না।

***************************

**Har Ghar Tiranga :**

সারা দেশের সঙ্গে রাজ্যেও আজ থেকে হর ঘর তিরঙ্গা কর্মসূচি উদযাপন শুরু হয়েছে। আগামী ১৫ই আগষ্ট পর্যন্ত ৩টি পর্যায়ে এই কর্মসূচি উদযাপন করা হবে। প্রথম পর্যায়ে আগামী ৮ই আগস্ট পর্যন্ত বিদ্যালয়ের ছাত্রছাত্রী সহ সমাজের সর্বস্তরের জনগণের অংশগ্রহণকে সুনিশ্চিত করে দেশাত্মবোধক বিভিন্ন কর্মসূচি পালন করা হবে। এরমধ্যে রয়েছে তিরঙ্গা প্রদর্শনী, তিরঙ্গা রঙ্গোলি প্রতিযোগিতা, তিরঙ্গা রাখী তৈরির কর্মশালা, সেনা জওয়ান এবং পুলিশ কর্মীদের প্রতি চিঠি লিখন, তিরঙ্গা আলোক সজ্জা, বিদ্যালয়ের দেওয়াল অঙ্কন, ক্যুইজ প্রতিযোগিতা ইত্যাদি। দ্বিতীয় পর্যায়ে ৯ আগস্ট থেকে ১২ আগস্টের মধ্যে তিরঙ্গা মহোৎসবের অঙ্গ হিসেবে অনুষ্ঠিত হবে তিরঙ্গা মেলা, তিরঙ্গা কনসার্ট, তিরঙ্গা বাইক ও বাইসাইকেল র‍্যালি, তিরঙ্গা যাত্রা ইত্যাদি। তাছাড়াও হর ঘর তিরঙ্গা সেলফি বুথ তৈরি করা হবে। সেখানে তিরঙ্গা সহ সেলফি তুলে www.harghartiranga.com এই

ওয়েবসাইটে আপলোড করা যাবে। তৃতীয় পর্যায়ে ১৩ই আগস্ট থেকে ১৫ই আগস্ট রাজ্যের সর্বত্র জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে হর ঘর তিরঙ্গা কর্মসূচি উদযাপন করা হবে। আগামী ৮ই আগস্ট থেকে ১৫ই আগস্ট পর্যন্ত সপ্তাহব্যাপী স্বচ্ছতা এবং সুজলতা অভিযান সংঘটিত করা হবে। উল্লেখ করা যেতে পারে দেশভক্তি ও দেশপ্রেমের চেতনাকে সুদৃঢ় করে তুলতে এবং দেশের স্বাধীনতা সংগ্রামের বীর শহীদের প্রতি শ্রদ্ধা জানানোর লক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আহ্বানে ২০২২ সালে দেশব্যাপী হর ঘর তিরঙ্গা কর্মসূচির সূচনা করা হয়েছিল।

*****************************

**Package Story-PM KUSUM :**

২০৩০ এর মধ্যে অজীবাশ্ম জ্বালানি উৎসের শক্তি সঞ্চার ক্ষমতা বাড়াতে ভারত সরকারের নীতিগত ভাবনাগুলির অন্যতম হচ্ছে পি এম কুসুম প্রকল্প।এর আওতায় কৃষকের জন্য বিদ্যুৎ শক্তি ও জলের জোগানে নিরাপত্তার আশ্বাস অন্যতম দিক। তাই রাজ্যে ক্রমাগত কৃষকের আগ্রহ বাড়ছে সাশ্রয়কর এই প্রকল্পের প্রতি। শুনুন এই প্রতিবেদন।

#######VC######

*************************

**ECI :**

নির্বাচন কমিশন ভোটার তালিকা প্রণয়নের কাজে নিয়োজিত বুথ লেভেল অফিসার অর্থাৎ বি.এল.ও.দের বার্ষিক পারিশ্রমিক দ্বিগুণ করার সিদ্ধান্ত নিয়েছে। তাছাড়া এই প্রথমবারের মতো ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার অর্থাৎ ই.আর.ও এবং এসিস্ট্যান্ট ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার অর্থাৎ এ.ই.আর.ও-দের জন্য সাম্মানিক প্রদানের সিদ্ধান্ত নিয়েছে। নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী সংশোধিত হার - বুথ লেভেল অফিসারদের (বি.এল.ও) পারিশ্রমিক ৬০০০ টাকা থেকে বেড়ে দাঁড়ালো ১২০০০ টাকা। ভোটার তালিকা সংশোধনের ক্ষেত্রে বি.এল.ও-দের ইনসেনটিভ ১০০০ টাকা থেকে বেড়ে হয়েছে দুই হাজার টাকা। বি.এল.ও - সুপারভাইজারদের

পারিশ্রমিক বারো হাজার টাকা থেকে বেড়ে দাঁড়িয়েছে ১৮০০০ টাকা। এই প্রথমবারের মতো এ.ই.আর.ও-দের ২৫ হাজার টাকা এবং ই.আর.ও-দের ত্রিশ হাজার টাকা করে সাম্মানিক প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, দক্ষিণ, গোমতী, খোয়াই, ঊনকোটি ও ধলাই জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৪ ডিগ্রি সেলসিয়াস।

***************************